

সনাতন ধর্মাবলম্বীদের উপর হামলার প্রতিবাদে মানববন্ধন



১৯ অক্টোবর ২০২১-মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে সনাতন ধর্মাবলম্বীদের উপাসনালয় ভাঙচুর ও তাঁদের উপর হামলার প্রতিবাদে মানববন্ধন আয়োজন করা হয়।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ এর সভাপতিত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ সহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী এবং কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। মানববন্ধনে সঞ্চালনায় ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম।